# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ২০০৭-২০০৮ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

### (সকল বিভাগে সেমিস্টার পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০০৭-২০০৮ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ১১/১১/২০০৭ তারিখ থেকে ২৯/১১/২০০৭ তারিখ পর্যন্ত প্রাথমিক আবেদনপত্র নির্দিষ্ট কাউন্টার থেকে বিতরণ করা হবে। এই তারিখের মধ্যেই অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম পুরণ করে সংশ্লিষ্ট কাউন্টারে জমা দিতে হবে।

**ক-ইউনিটঃ বিজ্ঞান অনুষদ**

**বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৬.৫ হতে হবে। বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে মেধা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত-প্রার্থীদের ভর্তিচ্ছু বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**খ-ইউনিটঃ কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ**

**মানবিক শাখার ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

কেবল মাত্র মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৫.৫ হতে হবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**গ-ইউনিটঃ বিজনেস স্টাডিজ অনুষদ**

**ব্যবসায় শিক্ষা শাখার ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা গ-ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৬.০ হতে হবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ডিপ্লোমা-ইন-কমার্স এবং বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে অন্তত: গ্রেড পয়েন্ট ২.৫ হতে হবে। গ-ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

**ঘ-ইউনিটঃ বিষয় পরিবর্তন অনুষদ**

**মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা/জি,সি,ই সহ সকল শাখার ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।**

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৫.৫ হতে হবে।

বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৬.৫ হতে হবে।

ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জি.পি.এ-দ্বয়ের যোগফল অন্তত ৬.০ হতে হবে।

উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে সম্মিলিতভাবে গ্রেড পয়েন্ট ৫.৫ পেতে হবে। তবে কোন বিষয়েই গ্রেড পয়েন্ট ২.০-এর নীচে গ্রহণ যোগ্য হবে না। এই ইউনিটের আওতায় যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত থাকবে।

**সাধারণ নিয়মাবলী (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)**

১। জি,সি,ই- 'ও' -লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০০৬ অথবা ২০০৭ সনের 'এ'-লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণও ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদেরকে 'ও'-লেভেল এবং 'এ'-লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৩টি বিষয়ে বি-গ্রেড, ৩টি বিষয়ে সি-গ্রেড এবং ১টি বিষয়ে ডি-গ্রেড প্রাপ্ত হতে হবে।

২। সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরূপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ ছাড়াও সকল প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

**ভর্তি পরীক্ষার ফিসঃ**

প্রতি ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কাউন্টারে নগদ ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে প্রাথমিক আবেদনপত্র, ভর্তি নির্দেশিকা এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে হবে।

**কোটায় ভর্তি**

ওয়ার্ড, আদিবাসী, অন্ধ ও মুক্তিযোদ্ধার সন্তান কোটার মাধ্যমে ভর্তিচ্ছু প্রার্থীদের প্রাথমিক আবেদনপত্র জমা দেয়ার সময়ই তা উল্লেখ করতে হবে এবং যে কোটায় ভর্তি হতে উচ্ছুক সে কোটার যোগ্যতার প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্র জমা দিতে হবে।

**ভর্তি পরীক্ষার তারিখঃ**

| ইউনিট | তারিখ |
|---|---|
| ক-ইউনিট | ১১/০১/২০০৮ |
| খ-ইউনিট | ১৮/০১/২০০৮ |
| গ-ইউনিট | ২৫/০১/২০০৮ |
| ঘ-ইউনিট | ০১/০২/২০০৮ |

ভর্তি পরীক্ষা M.C.Q (Multiple Choice Question) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী আবেদনপত্রের সাথে ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

প্রাথমিক আবেদনপত্রের সাথে প্রার্থীর চার কপি পাসপোর্ট আকারের ফটো এবং সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার গ্রেড সিটের সত্যায়িত কপি জমা দিতে হবে। **স্কুল অথবা কলেজ কর্তৃক ইস্যুকৃত গ্রেডসিট গ্রহণযোগ্য হবে না।**

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তি ফরমের সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের দুটি ফটোকপি সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রে/সার্টিফিকেটে নামের বানান একই রকম না হলে অথবা অন্য কোন গরমিল থাকলে কোন প্রার্থীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।

**বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সি-২৭৪২ (১৩X৩)